বাংলাদেশে সাংবাদিক তুহিন হত্যায় ইউনেস্কোর মহাপরিচালকের তীব্র নিন্দা



সংগৃহীত ছবি

ইউনেস্কোর মহাপরিচালক অড্রে আজুলে বাংলাদেশে সাংবাদিক আসাদুজ্জামান তুহিন হত্যার ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করেছেন। তিনি দ্রুত তদন্ত ও দোষীদের শাস্তির আহ্বান জানিয়েছেন এবং স্থানীয় সাংবাদিকদের নিরাপত্তা নিশ্চিত করার গুরুত্ব তুলে ধরেছেন।

ইউনেস্কোর মহাপরিচালক অড্রে আজুলে মঙ্গলবার (১৯ আগস্ট) এক বিবৃতিতে বাংলাদেশে সাংবাদিক আসাদুজ্জামান তুহিনের হত্যার ঘটনায় তীব্র নিন্দা জানিয়েছেন। তিনি বলেন, "আমি তুহিনের নির্মম হত্যার তীব্র নিন্দা জানাই। দোষীদের দ্রুত বিচারের আওতায় আনা ও পূর্ণাঙ্গ তদন্ত জরুরি। স্থানীয় সাংবাদিকদের কাজের কারণে প্রতিশোধমূলক হামলা থেকে রক্ষা করতে হবে। সাংবাদিকদের ওপর হামলা বা হত্যার মতো অপরাধ যেন শাস্তিহীন না থাকে।"

উল্লেখযোগ্য যে, ইউনেস্কো সব সময় সাংবাদিকদের নিরাপত্তা ও সংবাদমাধ্যমের স্বাধীনতার পক্ষে জোরালো অবস্থান গ্রহণ করে এসেছে।

প্রসঙ্গত, গাজীপুরের চান্দনা চৌরাস্তা এলাকায় ৭ আগস্ট রাত ৮টার দিকে দুর্বৃত্তরা সাংবাদিক তুহিনকে কুপিয়ে হত্যা করে। তুহিন ৩৮ বছর বয়সী এবং দৈনিক প্রতিদিন পত্রিকার স্টাফ রিপোর্টার হিসেবে কর্মরত ছিলেন। তার বাড়ি ময়মনসিংহের ফুলবাড়িয়া উপজেলার ভাটিপাড়া গ্রামে।